# শুশ্রূষা

তুমি যদি আজ এই রাত্রির শিয়রে এসে নিশ্চুপ দাঁড়াও
যদি দেখো আকাশ ভরানো ওই অন্ধকার নেমে আসে দ্রুত
শরীর ছোঁয়ার ছলে, যদি দেখো হাইওয়ে ডুবে যাচ্ছে ঘন
মেঘের আড়ালে, যদি তারপর আরও কিছু কথা বাকি থাকে
সে-কথা কি আর ফিরে বলা হবে! ফিরে পাবে তুমি কি কখনও
তোমার নিজস্ব ভাষা! নাকি বারবার অন্ধকার ঢুকে যাবে
তোমার শিরার মধ্যে!

খুঁজবে তবে কীভাবে কোথায়!
দেখো ওই তমস্বিনী তার দীর্ঘ জটায় জটায় ঢেকে রাখে
সমস্ত সংলাপ আর তার যত গূঢ় উচ্চারণ। দেখো ওই
মেঘের ফাটল থেকে নেমে আসে প্রেতছায়া, আকুল কুন্তলা
তার দীর্ঘ চুম্বনের আকুল আশ্লেষে দিয়ে কাছে টেনে নেয়
পটভূমি জুড়ে শুধু শোনা যায় বাদুড়ের ডানার ঝাপটানি।

রাত্রির শিয়রে শুধু চাঁদ ডুবে যায়। জ্যোৎস্নাহীন শব্দহীন
স্রোতে ভাসে তোমার হারানো স্বর। আজ তবে মৃত্যু - উৎসব!

সব্যসাচী দেব

সৃষ্টিসন্ধান